দৈনিক

# জনকণ্ঠ

তারিখ 17 JUL 2017
পৃষ্ঠা ... কলাম ...

## ২০ জুলাইয়ের মধ্যে চবি আবাসিক শিক্ষার্থীদের হলে ওঠার নির্দেশ

**চবি সংবাদদাতা ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) আবাসিক শিক্ষার্থীদের আগামী ২০ জুলাইয়ের মধ্যে নিজ নিজ হলে ওঠার নির্দেশ দিয়েছে প্রশাসন।

এ সময়ের মধ্যে নিজ কক্ষে কেউ উঠতে ব্যর্থ হলে তার আসন বাতিল করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিজ আসনে উঠে আসন বুঝে পাওয়ার বিষয়টি হল প্রশাসনকে অবগত করার জন্য বলা হয়েছে প্রশাসনের পক্ষ থেকে। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, চলতি মাসের ৫ তারিখ আবাসিক হলগুলো বৈধ আবাসিক শিক্ষার্থীদের জন্য খুলে দেয়া হয়। এসময় যে সকল শিক্ষার্থীর আসন বরাদ্দ আছে কেবল তারাই হলে প্রবেশের অনুমতি পান। ৫ জুলাইয়ের পর আসন বরাদ্দপ্রাপ্ত বেশিরভাগ শিক্ষার্থীই নিজ নিজ আসনে উঠেছেন। তবে এখনও কিছু শিক্ষার্থী নিজ আসনে উঠেনি। এমতাবস্থায় আগামী ২০ জুলাইয়ের মধ্যে তাদের নিজ নিজ কক্ষে ওঠার নির্দেশ দিয়েছে প্রশাসন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........